

৪০ প্রাথমিক স্কুলে ল্যাপটপ, প্রোজেক্টর

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: সমগ্র শিক্ষা
মিশনের উদ্যোগে ল্যাপটপ, প্রোজেক্টর
এবং প্রোজেক্টর স্ক্রিন পেল কলকাতা ও
দমদমের ৪০টি প্রাথমিক স্কুল।

বৃহস্পতিবার কসবা শিক্ষাভবনে এই
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলকাতা
ডিপিএসসি চেয়ারম্যান কার্তিক মান্না,
স্কুল শিক্ষার স্টেট অ্যাডভাইজরি
কাউন্সিলের ভাইস চেয়ারম্যান

অরুণকুমার চট্টোপাধ্যায়, প্রাথমিকের
ডিআই আইনুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠান
পরিচালনা করেন শিক্ষাভবনের
আধিকারিক সুন্দর বন্দ্যোপাধ্যায়।

কলকাতার ৩০টি, দক্ষিণ দমদমে ১০টি
স্কুল সামগ্রীগুলি পেয়েছে। অরুণকুমার
চট্টোপাধ্যায় জানান, 'পিছিয়ে পড়া, বস্তি
এলাকার স্কুলগুলিকে বাছাই করা
হয়েছিল। এর ফলে পাঠ্যবইকে দৃশ্যশ্রাব্য
মাধ্যমের মধ্য দিয়ে নতুন করে আবিষ্কার
করবে শিশুরা।'